গাংনীতে মুক্তিযোদ্ধার জমি দখল করার অভিযোগ

মেহেরপুরের গাংনীতে বীর মুক্তিযোদ্ধা আবু তালেবের জমি জোর পূর্বক দখলের অভিযোগ উঠেছে হিন্দা গ্রামের রবিউল ইসলামের বিরুদ্ধে। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

মুক্তিযোদ্ধা আবু তালেব জানান,তার স্ত্রী রশিদা খাতুনের নামে ২০ শতক জমি ছিলো। স্ত্রী মারা যাওয়ার পর ৩ ছেলে ও আমি সমান ভাবে ৫ শতক করে ভাগ করে নেয়া হয়। কিছুদিন আগে বড় ছেলে মাসুদ রানা তার ভাগের ৫ শতক জমি একই গ্রামের আফজাল হোসেনের ছেলে রবিউল ইসলামের কাছে জমি বিক্রি করে দেয়। গত কয়েকদিন পূর্বে রবিউল তার ইচ্ছামত জমি সিমানা প্রাচীর তৈরি শুরু করে।

এ ঘটনায় গাংনী থানায় লিখিত অভিযোগ দায়ের করলে ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো: ওবাইদুর রহমান উভয় পক্ষকে শান্ত থেকে বসে উভয় পক্ষকে সমাধান করার তাগিদ দেয়। কিন্তু শুক্রবার সকালে জোর পূর্বক তাদের ইচ্ছামত জমিতে সিমানা প্রাচীর দিচ্ছে। বাধা দিতে গেলে হুমকি ধামকি দিচ্ছে। রবিউল ইসলাম প্রভাবশালী হওয়ার কারনে যে কোন হামলা হতে পারে একারনে বর্তমানে আমরা পরিবারের সদস্যদের নিয়ে আতংকের মধ্যে রয়েছি। বিষয়টি ব্যবস্থা নেওয়ার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন তিনি।

মুক্তিযোদ্ধা আবু তালেবের ছেলে মেহেদি হাসান জানান,২০ শতক জমি সকলেই সমান করে নিতে হবে। কিন্তু রবিউল ইসলাম ক্ষমতার দাপট দেখিয়ে তার ইচ্ছেমত জমি দখল নিয়ে সিমানা প্রাচীর দিচ্ছে।

এ বিষয়ে রবিউল ইসলামের বাড়িতে গেলে তাকে পাওয়া যায়নি।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: ওবাইদুর রহমান জানান,বিষয়টি ব্যবস্থা নেয়া হচ্ছে।